# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ।
ফোন-০২-২২৩৩৮৮৯৪৯; ই-মেইল ঃ dgmppd@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫-রুমাবি-৩৪২(সিজিএস)/২০২১-২২/ ৭৪২৭(১২৫০) তারিখঃ ২৭/০১/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

**শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ২৩/০১/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।**

০২। কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে দেশের প্রান্তিক জনগোষ্ঠির আয়-উৎসারী কর্মকান্ড বাধাগ্রস্থ হচ্ছে। এছাড়া, বর্তমানে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের বিরূপ প্রভাবে অর্থনীতির পুনরুদ্ধার কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে আর্থিক সেবাভুক্তি কার্যক্রমের আওতায় "১০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার/অব্যাহত রাখা এবং ঋণের ব্যাপ্তি বৃদ্ধি ও ঋণের শর্তাবলী সহজীকরণের লক্ষ্যে বিদ্যমান পুনঃঅর্থায়ন স্কিমটি ৫০০ কোটি টাকায় উন্নীত করে এফআইডি সার্কুলার নং-০১, তারিখ: ০৫/০৯/২০২১ এর মাধ্যমে পুনর্গঠন করা হয়েছে।" পুনর্গঠিত স্কিমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের ঋণ প্রদানের ক্ষেত্রে কোন নিরাপত্তা জামানত নেয়া যাবে না। তবে, প্রদত্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতাসহ অনধিক দু'জনের ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করা যাবে। এতদ্ব্যতীত, স্কিমটির আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহের ঝুঁকির মাত্রা হ্রাস ও অভীষ্ট গ্রাহকদের ঋণ অধিগম্যতা বৃদ্ধিকল্পে ০৫/০১/২০২২ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে ২৫ হাজার টাকা ও তদুর্ধ্ব পরিমাণ ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় বর্ণিত স্কিমের আওতায় প্রদেয়/প্রদত্ত ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংক নিজস্ব উৎস হতে গ্যারান্টি ফি পরিশোধ করবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এতদপ্রেক্ষিতে, এফআইডি'র উক্ত সার্কুলারে বর্ণিত গ্রাহকদের পুনঃঅর্থায়নের আওতায় ঋণ প্রাপ্তি নিশ্চিত করতে সিজিএস ইউনিটের বিদ্যমান ক্রেডিট গ্যারান্টি স্কিমের অনুকরণে ''আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম" নামে একটি নতুন ক্রেডিট গ্যারান্টি স্কিম চালু করা হলো। উক্ত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি প্রাপ্তির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক অনুসরণীয় নীতিমালা নিম্নরূপঃ-

৩.১. ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের জন্য ব্যাংকসমূহকে সিজিএস ইউনিটের সাথে একটি অংশগ্রহণ চুক্তি (ParticipationAgreement) সম্পাদন করতে হবে। উপরোক্ত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর আওতায় ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর সাথে চুক্তিবদ্ধ সকল Participating Financial Institutions (PFI) সিজিএস ইউনিটের সাথে অংশগ্রহণচুক্তি (Participation Agreement) সম্পাদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে। সংশ্লিষ্ট ব্যাংকসমূহের আবেদনের ভিত্তিতে গভর্নর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে বছরের যে কোন সময়ে এ চুক্তি স্বাক্ষরিত হতে পারে।

৩.২. অত্র সার্কুলারের নির্দেশনা এবং এ সার্কুলারে উল্লেখ নেই এমন ক্রেডিট গ্যারান্টি সংক্রান্ত যে কোন বিষয়ে সিজিএস ইউনিট কর্তৃক ০৩/১১/২০২০ তারিখে জারীকৃত Manual of Credit Guarantee Scheme এবং অন্যান্য নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ করতে হবে

৩.৩. এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগের জন্য অত্র ইউনিট কর্তৃক প্রদত্ত মোট গ্যারান্টির সর্বোচ্চ ত্রিশ (৩০) শতাংশ পর্যন্ত পোর্টফোলিও গ্যারান্টি ক্যাপ (কভারেজ) প্রদান করা হবে। উক্ত পোর্টফোলিও গ্যারান্টি ক্যাপের আওতায় কোন একক উদ্যোক্তা বা ঋণ/বিনিয়োগ গ্রহীতার ক্ষেত্রে সর্বোচ্চ ৮০ (আশি) শতাংশ পর্যন্ত গ্যারান্টি কভারেজ প্রদান করা হবে।

৩.৪. উপরোক্ত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এ বর্ণিত প্রকৃতির উদ্যোক্তাগণ এফআইডি হতে সংশ্লিষ্ট স্কিমের পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির আওতায় ঋণ/বিনিয়োগের বিপরীতে অত্র স্কিম হতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের যোগ্য মর্মে বিবেচিত হবে। ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত মেয়াদই হবে এ স্কিম এর আওতায় প্রাথমিকভাবে গ্যারান্টির মেয়াদ। নির্ধারিত সময়ের মধ্যে ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ আদায় হয়ে থাকলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের গ্যারান্টির মেয়াদ শেষ হয়ে যাবে। তবে, কোন ঋণ/বিনিয়োগ পুনঃতফসিল/পুনর্গঠন (Restructure) করা হলে উক্ত পুনঃতফসিল/পুনর্গঠন সময়কাল গ্যারান্টির মেয়াদ হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে ঋণ/বিনিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং পুনঃতফসিল/পুনর্গঠন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংককে সিজিএস ইউনিট হতে গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি করে নিতে হবে এবং বর্ধিত সময়ের জন্য গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

বিষয় ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।

৩.৫. ক্রেডিট গ্যারান্টির আবেদন প্রক্রিয়া ও গ্যারান্টি রেজিস্ট্রেশন ইস্যুর পদ্ধতিঃ

৩.৫.১. এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর আওতায় প্রদেয় ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের বিষয়ে পিএফআইসমূহকে ক্যালেন্ডার বছর ভিত্তিক টার্গেট (পরিমান) বছরের শুরুতে ঘোষণা এবং সংশ্লিষ্ট বছরের মধ্যে উহা ব্যবহার করতে হবে। পিএফআই কর্তৃক ঘোষিত টার্গেট যাচাই-বাছাই এবং সিজিএস ফান্ডের পর্যাপ্ততা বিবেচনা করে সিজিএস ইউনিটে উহা লিপিবদ্ধ (Record) করা হবে যা ঘোষিত টার্গেটের চেয়ে কম/বেশী হলে পত্র মারফত পিএফআইকে অবহিত করা হবে।

৩.৫.২. গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য যে মাসে আবেদন করবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসে মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ এর আবেদনসমূহের তথ্যাদিসহ প্রতি মাসের ১৫(পনের) তারিখের মধ্যে পিএফআই কর্তৃক সিজিএস ইউনিট বরাবরে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।

৩.৫.৩. গ্যারান্টি রেজিস্ট্রেশন আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক তাদের অনুমোদিত ঋণ নীতিমালার আওতায় গ্রাহকের ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক প্রাথমিকভাবে মঞ্জুর করা হয়েছে মর্মে প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

৩.৫.৪. আবেদনপত্র প্রাপ্তির পর সিজিএস ইউনিট হতে প্রয়োজনীয় যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করে দ্রুততার সাথে যোগ্য উদ্যোক্তা/দের গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রদান করে সংশ্লিষ্ট পিএফআই-কে তা অবহিত করা হবে। রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিনের মধ্যে পিএফআই-কে সিজিএস ইউনিটের অনুকূলে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। পরবর্তীতে চলমান গ্যারান্টির ক্ষেত্রে প্রতি বছর তার অব্যবহিত পূর্ববর্তী বছর সমাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গ্যারান্টি ফি আগাম পরিশোধ করতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট পিএফআই কর্তৃক বাংলাদেশ ব্যাংকে পরিচালিত তাদের চলতি হিসাব হতে উহা বিকলন করে আদায় করা যাবে।

৩.৫.৫. সিজিএস ইউনিট হতে রেজিস্ট্রেশন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যাংক যথাযথ ডকুমেন্টেশন সম্পন্ন করে স্বল্পতম সময়ের মধ্যে উদ্যোক্তা/গ্রাহকের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা বিতরণ করবে।

৩.৫.৬. ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর সাথে যেকোন পিএফআই এর সম্পাদিত অংশগ্রহণ চুক্তি কোন কারণে বাতিল/স্থগিত হলে সেক্ষেত্রে সিজিএস ইউনিট কর্তৃক উক্ত পিএফআই-কে নতুন কোন গ্যারান্টি ইস্যু করা হবে না। তাছাড়া, সিজিএস ইউনিটের সাথে সম্পাদিত চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে অত্র ইউনিট পিএফআই এর সাথে সম্পাদিত অংশগ্রহণ চুক্তি প্রয়োজনে কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল/স্থগিত করা যাবে।

৩.৬. ক্রেডিট গ্যারান্টির ফি ঃ

৩.৬.১. সিজিএস ইউনিট ও ব্যাংক এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় প্রত্যেক ব্যাংককে নিজস্ব উৎস হতে বাৎসরিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে উহা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না। ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নামে গ্রাহকের উপরে অন্য কোন ফি/চার্জ যে নামেই অভিহিত হউক না কেন তা আরোপ করা যাবে না

৩.৬.২. স্কিমে অংশগ্রহণকারী ব্যাংককে চলতি বছরের জন্য এবং পরবর্তী প্রতি বছরের জন্য ঘোষিত মোট টার্গেট সীমার আওতায় গ্যারান্টি রেজ্রিস্ট্রেশন প্রাপ্ত ঋণ/বিনিয়োগের উপর ১% হারে ০১ (এক) বছরের জন্য গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী সময় হতে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগ স্থিতির উপর বার্ষিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে যে সকল ব্যাংকের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের (NPL) হার ৫ শতাংশ বা এর কম তাদের জন্য বার্ষিক ০.৫০% হারে এবং যে সকল ব্যাংকের শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার ৫ শতাংশের বেশী তাদের জন্য বার্ষিক ০.৭৫% হারে গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

৩.৭. ক্রেডিট গ্যারান্টির বিপরীতে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার ঃ ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি প্রদান করা হলেও উক্ত ঋণ/বিনিয়োগের জন্য গ্রাহক পর্যায়ে নির্ধারিত সুদ/মুনাফা হারের কোন পরিবর্তন হবে না।

৩.৮. ক্রেডিট গ্যারান্টি সুবিধালব্ধ উদ্যোগের জন্য ব্যাংকের দায়-দায়িত্বঃ

৩.৮.১. অর্থায়নকারী ব্যাংক নিজস্ব নিয়মাচার (Due diligence) যথাযথভাবে পরিপালনপূর্বক ঋণ/বিনিয়োগ মঞ্জুরী/বিতরণ/ আদায় করবে। ঋণ/বিনিয়োগ বিতরণের পর স্বীয় উদ্যোগে উহা তদারকী ও পরিবীক্ষণ করবে। ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহারের জন্য সংশ্লিষ্ট ব্যাংক উদ্যোক্তাগণকে/গ্রাহকগণকে যথাযথ সেবা/সহায়তা প্রদান করবে।

৩.৮.২. ক্রেডিট গ্যারান্টি সুবিধালব্ধ গ্রাহক/দের সংগে সিজিএস ইউনিটের সরাসরি কোন যোগাযোগ থাকবে না। তবে গ্যারান্টির যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে যাচিত তথ্যাদিসহ প্রয়োজনীয় দলিলাদি বাংলাদেশ ব্যাংককে পিএফআই সরবরাহ করতে বাধ্য থাকবে। তাছাড়া, পিএফআই-কে অবহিত করে সিজিএস ইউনিট যে কোন সময় সংশ্লিষ্ট গ্রাহকদের ব্যবসায়িক কর্মকান্ড পরিদর্শন করতে পারবে এবং পরিদর্শনকালে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলকে পিএফআই সকল প্রকার সহযোগিতা প্রদান করবে।

বিষয় ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।

৩.৯. ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি প্রক্রিয়াঃ

৩.৯.১. এ স্কীমের আওতায় গ্যারান্টিলব্ধ কোন ঋণ/বিনিয়োগ বিদ্যমান নীতিমালা অনুযায়ী মন্দমানে শ্রেণীকৃত হওয়ার পর বিদ্যমান নিয়মানুযায়ী পুনঃতফসিল/পুনর্গঠন করা যাবে। পুনঃতফসিল/পুনর্গঠন করার (প্রযোজ্য ক্ষেত্রে) পরও ঋণ/বিনিয়োগের অর্থ আদায় না হয়ে পুনরায় মন্দমানে শ্রেণীকৃত হলে গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবির (Claim) আবেদন করা যাবে। তবে, গ্যারান্টি দাবির আবেদন করার পূর্বে ব্যাংককে ঋণ/বিনিয়োগ আদায়ের সকল প্রচেষ্টা গ্রহণসহ প্রচলিত আইন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের এবং অন্যান্য আইনী ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অর্থাৎ ব্যাংক কর্তৃক ঋণ/বিনিয়োগ আদায়ের লক্ষ্যে প্রযোজ্য সকল ব্যবস্থা গ্রহণ করার পরও যদি ঋণ/বিনিয়োগ হিসাব মন্দমানে শ্রেণীকৃত হয় কেবল তখনি প্রযোজ্য ক্ষেত্রে আইনী প্রক্রিয়া শুরু (মামলা দায়ের) করে গ্যারান্টির বিপরীতে দাবি উত্থাপন করতে পারবে।

৩.৯.২. গ্যারান্টির বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ মন্দমানে শ্রেণীকৃত হলে সেক্ষেত্রে দাবির পরিমাণ মন্দমানে শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের আসলের গ্যারান্টিকৃত অংশ (Guaranteed Proportion of Principal Amount) একক উদ্যোক্তা বা ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ ৮০ শতাংশ অথবা পিএফআই-কে প্রদত্ত মোট গ্যারান্টি রেজিস্ট্রেশনের সর্বোচ্চ ৩০ শতাংশ এর অদাবিকৃত অংশ (যেটি কম) এর বেশী হতে পারবে না। অনাদায়ী সুদ/মুনাফার জন্য কোনভাবেই গ্যারান্টি দাবি করা যাবে না।

৩.৯.৩. গ্যারান্টির দাবি নিষ্পত্তির পরেও ঋণ/বিনিয়োগ আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট ব্যাংককে আইনী পদক্ষেপসহ সকল ধরনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। গ্যারান্টির দাবি নিষ্পত্তির পর ঋণ/বিনিয়োগের বিপরীতে উদ্যোক্তা/গ্রাহক হতে কোন অর্থ আদায় হলে তা গ্যারান্টি কভারেজের আনুপাতিক হারে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ফেরত প্রদান করতে হবে।

৩.৯.৪. কোন ব্যাংক কর্তৃক গ্যারান্টির আওতায় ঝুঁকি নির্ণয়ে সহায়ক এমন কোন তথ্য ইচ্ছাকৃতভাবে গোপন করলে অথবা ভুল কোন তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক বিদ্যমান আইন/বিধি/নীতিমালার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩.৯.৫. কোন কারণে গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগের পুনঃতফসিলের প্রয়োজন হলে তদ্‌সময়ে বিদ্যমান (প্রচলিত) নীতিমালার আওতায় পুনঃতফসিল করা যাবে এবং তা সিজিএস ইউনিটকে অবহিত করতে হবে।

৩.৯.৬. ঋণ/বিনিয়োগ অনাদায়ে বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা থাকলেও এ স্কিমের আওতায় গ্যারান্টি রেজিস্ট্রেশনকৃত ঋণ/বিনিয়োগ শ্রেণীকৃত হলে সেক্ষেত্রে গ্যারান্টি রেজিস্ট্রেশনকৃত মোট ঋণ/বিনিয়োগের ৩০ (ত্রিশ) শতাংশ পর্যন্ত স্পেসিফিক প্রভিশন সংরক্ষণের বাধ্যবাধকতা গ্যারান্টির মেয়াদকালের জন্য অব্যাহতি প্রাপ্ত হবে।

০৪। বিবিধঃ

৪.১. ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সময় সময় জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪.২. এ নীতিমালায় উল্লেখ নেই এরূপ যে কোন বিষয়ে অথবা নীতিমালায় বর্ণিত কোন বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের আবশ্যকতা দেখা দিলে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪.৩. এ নীতিমালার যে কোন ধরণের পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

৪.৪. ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে বা কোন শর্ত লংঘন করা হলে বা গ্যারান্টি আবেদনের সময়ে কোন তথ্য গোপন করলে বা মিথ্যা তথ্য প্রদান করলে বা গ্যারান্টি ফি পরিশোধ না করলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রদত্ত গ্যারান্টি বাতিল করার ক্ষমতা বাংলাদেশ ব্যাংক এতদ্বারা সংরক্ষণ করে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

০৬। এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, সিজিএস ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ২৩/০১/২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ অপর পৃষ্ঠায় হুবহু পুনঃমুদ্রণ করা হলো। সংশ্লিষ্ট সকলের সদয় জ্ঞাতার্থে সার্কুলারটি জারি করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

27/01/2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

বিষয় ঃ ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫-রুমাবি-৩৪২(সিজিএস)/২০২১-২২/ ১৪২১ (১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Mhossain
27/01/2022
( মুহাম্মদ মোশাররফ হোসন )
সহকারী মহাব্যবস্থাপক

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
সিজিএস ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএমইএসপিডি সার্কুলার নং-০১

তারিখঃ ০৯ মাঘ, ১৪২৮ / ২৩ জানুয়ারি, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এফআইডি সার্কুলার নং-০১, তারিখ: ০৫/৯/২০২১ এবং এফআইডি সার্কুলার লেটার নং-০১, তারিখ: ০৫/০১/২০২২ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের ফলে দেশের প্রান্তিক জনগোষ্ঠির আয়-উৎসারী কর্মকান্ড বাধাগ্রস্থ হচ্ছে। এছাড়া, বর্তমানে কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ের বিরূপ প্রভাবে অর্থনীতির পুনরুদ্ধার কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে আর্থিক সেবাভুক্তি কার্যক্রমের আওতায় "১০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের অর্থনৈতিক কর্মকান্ড পুনরুদ্ধার/অব্যাহত রাখা এবং ঋণের ব্যাপ্তি বৃদ্ধি ও ঋণের শর্তাবলী সহজীকরণের লক্ষ্যে বিদ্যমান পুনঃঅর্থায়ন স্কিমটি ৫০০ কোটি টাকায় উন্নীত করে এফআইডি সার্কুলার নং-০১, তারিখ: ০৫/০৯/২০২১ এর মাধ্যমে পুনর্গঠন করা হয়েছে।" পুনর্গঠিত স্কিমের আওতায় ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের ঋণ প্রদানের ক্ষেত্রে কোন নিরাপত্তা জামানত নেয়া যাবে না। তবে, প্রদত্ত ঋণের বিপরীতে ঋণ গ্রহীতাসহ অনধিক দু'জনের ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করা যাবে। এতদ্ব্যতীত, স্কিমটির আওতায় অংশগ্রহণকারী ব্যাংকসমূহের ঝুঁকির মাত্রা হ্রাস ও অভীষ্ট গ্রাহকদের ঋণ অধিগম্যতা বৃদ্ধিকল্পে ০৫/০১/২০২২ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে ২৫ হাজার টাকা ও তদুর্ধ্ব পরিমাণ ঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে ব্যাংক নিজস্ব বিবেচনায় বর্ণিত স্কিমের আওতায় প্রদেয়/প্রদত্ত ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের সুবিধা গ্রহণ করতে পারবে। এক্ষেত্রে, ব্যাংক নিজস্ব উৎস হতে গ্যারান্টি ফি পরিশোধ করবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়।

৩. এতদ্প্রেক্ষিতে, এফআইডি'র উক্ত সার্কুলারে বর্ণিত গ্রাহকদের পুনঃঅর্থায়নের আওতায় ঋণ প্রাপ্তি নিশ্চিত করতে সিজিএস ইউনিটের বিদ্যমান ক্রেডিট গ্যারান্টি স্কিমের অনুকরণে **''আর্থিক সেবাভুক্তি ক্রেডিট গ্যারান্টি স্কিম"** নামে একটি নতুন ক্রেডিট গ্যারান্টি স্কিম চালু করা হলো। উক্ত পুনঃঅর্থায়ন স্কিম এর আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি প্রাপ্তির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক অনুসরণীয় **নীতিমালা** নিম্নরূপঃ-

৩.১. ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের জন্য ব্যাংকসমূহকে সিজিএস ইউনিটের সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে। উপরোক্ত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর আওতায় ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর সাথে চুক্তিবদ্ধ সকল Participating Financial Institutions (PFI) সিজিএস ইউনিটের সাথে অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে। সংশ্লিষ্ট ব্যাংকসমূহের আবেদনের ভিত্তিতে গভর্নর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে বছরের যে কোন সময়ে এ চুক্তি স্বাক্ষরিত হতে পারে।

৩.২. অত্র সার্কুলারের নির্দেশনা এবং এ সার্কুলারে উল্লেখ নেই এমন ক্রেডিট গ্যারান্টি সংক্রান্ত যে কোন বিষয়ে সিজিএস ইউনিট কর্তৃক ০৩/১১/২০২০ তারিখে জারীকৃত Manual of Credit Guarantee Scheme এবং অন্যান্য নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর :

৩.৩. এ স্কিমের আওতায় ঋণ/বিনিয়োগের জন্য অত্র ইউনিট কর্তৃক প্রদত্ত মোট গ্যারান্টির সর্বোচ্চ ত্রিশ (৩০) শতাংশ পর্যন্ত পোর্টফোলিও গ্যারান্টি ক্যাপ (কভারেজ) প্রদান করা হবে। উক্ত পোর্টফোলিও গ্যারান্টি ক্যাপের আওতায় কোন একক উদোক্তা বা ঋণ/বিনিয়োগ গ্রহীতার ক্ষেত্রে সর্বোচ্চ ৮০ (আশি) শতাংশ পর্যন্ত গ্যারান্টি কভারেজ প্রদান করা হবে।

৩.৪. উপরোক্ত এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এ বর্ণিত প্রকৃতির উদ্যোক্তাগণ এফআইডি হতে সংশ্লিষ্ট স্কিমের পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির আওতায় ঋণ/বিনিয়োগের বিপরীতে অত্র স্কিম হতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের যোগ্য মর্মে বিবেচিত হবে। ঋণ/বিনিয়োগের জন্য নির্ধারিত মেয়াদই হবে এ স্কিম এর আওতায় প্রাথমিকভাবে গ্যারান্টির মেয়াদ। নির্ধারিত সময়ের মধ্যে ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ আদায় হয়ে থাকলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের গ্যারান্টির মেয়াদ শেষ হয়ে যাবে। তবে, কোন ঋণ/ বিনিয়োগ পুনঃতফসিল/ পুনর্গঠন (Restructure) করা হলে উক্ত পুনঃতফসিল/পুনর্গঠন সময়কাল গ্যারান্টির মেয়াদ হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে ঋণ/বিনিয়োগের মেয়াদ বৃদ্ধি এবং পুনঃতফসিল/পুনর্গঠন এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংককে সিজিএস ইউনিট হতে গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি করে নিতে হবে এবং বর্ধিত সময়ের জন্য গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

**৩.৫. ক্রেডিট গ্যারান্টির আবেদন প্রক্রিয়া ও গ্যারান্টি রেজিস্ট্রেশন ইস্যুর পদ্ধতিঃ**

৩.৫.১. এফআইডি সার্কুলার নং-০১/২০২১ এর আওতায় প্রদেয় ঋণ/বিনিয়োগের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা গ্রহণের বিষয়ে পিএফআইসমূহকে ক্যালেন্ডার বছর ভিত্তিক টার্গেট (পরিমান) বছরের শুরুতে ঘোষণা এবং সংশ্লিষ্ট বছরের মধ্যে উহা ব্যবহার করতে হবে। পিএফআই কর্তৃক ঘোষিত টার্গেট যাচাই-বাছাই এবং সিজিএস ফান্ডের পর্যাপ্ততা বিবেচনা করে সিজিএস ইউনিটে উহা লিপিবদ্ধ (Record)করা হবে যা ঘোষিত টার্গেটের চেয়ে কম/বেশী হলে পত্র মারফত পিএফআইকে অবহিত করা হবে।

৩.৫.২. গ্যারান্টি রেজিস্ট্রেশনের জন্য যে মাসে আবেদন করবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসে মঞ্জুরীকৃত ঋণ/বিনিয়োগ এর আবেদনসমূহের তথ্যাদিসহ প্রতি মাসের ১৫(পনের) তারিখের মধ্যে পিএফআই কর্তৃক সিজিএস ইউনিট বরাবরে নির্ধারিত ছকে (পরিশিষ্ট **'ক'**) আবেদন করতে হবে।

৩.৫.৩. গ্যারান্টি রেজিস্ট্রেশন আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক তাদের অনুমোদিত ঋণ নীতিমালার আওতায় গ্রাহকের ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ যথাযথভাবে যাচাই-বাছাইপূর্বক প্রাথমিকভাবে মঞ্জুর করা হয়েছে মর্মে প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

৩.৫.৪. আবেদনপত্র প্রাপ্তির পর সিজিএস ইউনিট হতে প্রয়োজনীয় যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করে দ্রুততার সাথে যোগ্য উদ্যোক্তা/দের গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রদান করে সংশ্লিষ্ট পিএফআই-কে তা অবহিত করা হবে। রেজিস্ট্রেশনের ১৫ (পনের) দিনের মধ্যে পিএফআই-কে সিজিএস ইউনিটের অনুকূলে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। পরবর্তীতে চলমান গ্যারান্টির ক্ষেত্রে প্রতি বছর তার অব্যবহিত পূর্ববর্তী বছর সমাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে গ্যারান্টি ফি আগাম পরিশোধ করতে হবে। অন্যথায়, সংশ্লিষ্ট পিএফআই কর্তৃক বাংলাদেশ ব্যাংকে পরিচালিত তাদের চলতি হিসাব হতে উহা বিকলন করে আদায় করা যাবে।

৩.৫.৫. সিজিএস ইউনিট হতে রেজিস্ট্রেশন প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যাংক যথাযথ ডকুমেন্টেশন সম্পন্ন করে স্বল্পতম সময়ের মধ্যে উদ্যোক্তা/গ্রাহকের অনুকূলে ঋণ/বিনিয়োগ সুবিধা বিতরণ করবে।

৩.৫.৬. ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর সাথে যেকোন পিএফআই এর সম্পাদিত অংশগ্রহণ চুক্তি কোন কারণে বাতিল/স্থগিত হলে সেক্ষেত্রে সিজিএস ইউনিট কর্তৃক উক্ত পিএফআই-কে নতুন কোন গ্যারান্টি ইস্যু করা হবে না। তাছাড়া, সিজিএস ইউনিটের সাথে সম্পাদিত চুক্তির কোন শর্ত ভংগ করলে অত্র ইউনিট পিএফআই এর সাথে সম্পাদিত অংশগ্রহণ চুক্তি প্রয়োজনে কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল/স্থগিত করা যাবে।

**৩.৬. ক্রেডিট গ্যারান্টির ফি ঃ**

৩.৬.১. সিজিএস ইউনিট ও ব্যাংক এর মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক অংশগ্রহণ চুক্তির আওতায় প্রত্যেক ব্যাংককে নিজস্ব উৎস হতে বাৎসরিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে উহা সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতার নিকট হতে আদায় করা যাবে না। ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদানের নামে গ্রাহকের উপরে অন্য কোন ফি/চার্জ যে নামেই অভিহিত হউক না কেন তা আরোপ করা যাবে না।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

৩.৬.২. স্কিমে অংশগ্রহণকারী ব্যাংককে চলতি বছরের জন্য এবং পরবর্তী প্রতি বছরের জন্য ঘোষিত মোট টার্গেট সীমার আওতায় গ্যারান্টি রেজিস্ট্রেশন প্রাপ্ত ঋণ/বিনিয়োগের উপর ১% হারে ০১ (এক) বছরের জন্য গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। গ্যারান্টি চলমান থাকা সাপেক্ষে ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পর পরবর্তী সময় হতে অব্যবহিত পূর্ববর্তী দিনের গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগ স্থিতির উপর বার্ষিক ভিত্তিতে গ্যারান্টি ফি পরিশোধ করতে হবে। এক্ষেত্রে যে সকল ব্যাংকের অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের (NPL)হার ৫ শতাংশ বা এর কম তাদের জন্য বার্ষিক ০.৫০% হারে এবং যে সকল ব্যাংকের শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের হার ৫ শতাংশের বেশী তাদের জন্য বার্ষিক ০.৭৫% হারে গ্যারান্টি ফি প্রদান করতে হবে।

**৩.৭. ক্রেডিট গ্যারান্টির বিপরীতে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হার ঃ** ঋণ/বিনিয়োগের বিপরীতে গ্যারান্টি প্রদান করা হলেও উক্ত ঋণ/বিনিয়োগের জন্য গ্রাহক পর্যায়ে নির্ধারিত সুদ/মুনাফা হারের কোন পরিবর্তন হবে না।

**৩.৮. ক্রেডিট গ্যারান্টি সুবিধালব্ধ উদ্যোগের জন্য ব্যাংকের দায়-দায়িত্বঃ**

৩.৮.১. অর্থায়নকারী ব্যাংক নিজস্ব নিয়মাচার (Due diligence) যথাযথভাবে পরিপালনপূর্বক ঋণ/বিনিয়োগ মঞ্জুরী/বিতরণ/ আদায় করবে। ঋণ/বিনিয়োগ বিতরণের পর স্বীয় উদ্যোগে উহা তদারকী ও পরিবীক্ষণ করবে। ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহারের জন্য সংশ্লিষ্ট ব্যাংক উদ্যোক্তাগণকে/গ্রাহকগণকে যথাযথ সেবা/সহায়তা প্রদান করবে।

৩.৮.২. ক্রেডিট গ্যারান্টি সুবিধালব্ধ গ্রাহক/দের সংগে সিজিএস ইউনিটের সরাসরি কোন যোগাযোগ থাকবে না। তবে গ্যারান্টির যথার্থতা যাচাইয়ের লক্ষ্যে যাচিত তথ্যাদিসহ প্রয়োজনীয় দলিলাদি বাংলাদেশ ব্যাংককে পিএফআই সরবরাহ করতে বাধ্য থাকবে। তাছাড়া, পিএফআই-কে অবহিত করে সিজিএস ইউনিট যে কোন সময় সংশ্লিষ্ট গ্রাহকদের ব্যবসায়িক কর্মকান্ড পরিদর্শন করতে পারবে এবং পরিদর্শনকালে বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলকে পিএফআই সকল প্রকার সহযোগিতা প্রদান করবে।

**৩.৯. ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি প্রক্রিয়াঃ**

৩.৯.১. এ স্কীমের আওতায় গ্যারান্টিলব্ধ কোন ঋণ/বিনিয়োগ বিদ্যমান নীতিমালা অনুযায়ী মন্দমানে শ্রেণীকৃত হওয়ার পর বিদ্যমান নিয়মানুযায়ী পুনঃতফসিল/পুনর্গঠন করা যাবে। পুনঃতফসিল/পুনর্গঠন করার (প্রযোজ্য ক্ষেত্রে) পরও ঋণ/বিনিয়োগের অর্থ আদায় না হয়ে পুনরায় মন্দমানে শ্রেণীকৃত হলে গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবির (Claim) আবেদন করা যাবে। তবে, গ্যারান্টি দাবির আবেদন করার পূর্বে ব্যাংককে ঋণ/বিনিয়োগ আদায়ের সকল প্রচেষ্টা গ্রহণসহ প্রচলিত আইন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে মামলা দায়ের এবং অন্যান্য আইনী ব্যবস্থা নিশ্চিত করতে হবে। অর্থাৎ ব্যাংক কর্তৃক ঋণ/বিনিয়োগ আদায়ের লক্ষ্যে প্রযোজ্য সকল ব্যবস্থা গ্রহণ করার পরও যদি ঋণ/বিনিয়োগ হিসাব মন্দমানে শ্রেণীকৃত হয় কেবল তখনি প্রযোজ্য ক্ষেত্রে আইনী প্রক্রিয়া শুরু (মামলা দায়ের) করে গ্যারান্টির বিপরীতে দাবি উত্থাপন করতে পারবে।

৩.৯.২. গ্যারান্টির বিপরীতে প্রদত্ত ঋণ/বিনিয়োগ মন্দমানে শ্রেণীকৃত হলে সেক্ষেত্রে দাবির পরিমাণ মন্দমানে শ্রেণীকৃত ঋণ/বিনিয়োগের আসলের গ্যারান্টিকৃত অংশ (Guaranteed Proportion of Principal Amount) একক উদ্যোক্তা বা ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ ৮০ শতাংশ অথবা পিএফআই-কে প্রদত্ত মোট গ্যারান্টি রেজিস্ট্রেশনের সর্বোচ্চ ৩০ শতাংশ এর অদাবিকৃত অংশ (যেটি কম) এর বেশী হতে পারবে না। অনাদায়ী সুদ/মুনাফার জন্য কোনভাবেই গ্যারান্টি দাবি করা যাবে না।

৩.৯.৩. গ্যারান্টির দাবি নিষ্পত্তির পরেও ঋণ/বিনিয়োগ আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট ব্যাংককে আইনী পদক্ষেপসহ সকল ধরনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। গ্যারান্টির দাবি নিষ্পত্তির পর ঋণ/বিনিয়োগের বিপরীতে উদ্যোক্তা/গ্রাহক হতে কোন অর্থ আদায় হলে তা গ্যারান্টি কভারেজের আনুপাতিক হারে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ফেরত প্রদান করতে হবে।

৩.৯.৪. কোন ব্যাংক কর্তৃক গ্যারান্টির আওতায় ঝুঁকি নির্ণয়ে সহায়ক এমন কোন তথ্য ইচ্ছাকৃতভাবে গোপন করলে অথবা ভুল কোন তথ্য প্রদান করলে বাংলাদেশ ব্যাংক বিদ্যমান আইন/বিধি/নীতিমালার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠার পর:

৩.৯.৫. কোন কারণে গ্যারান্টিলব্ধ ঋণ/বিনিয়োগের পুনঃতফসিলের প্রয়োজন হলে তদ্‌সময়ে বিদ্যমান (প্রচলিত) নীতিমালার আওতায় পুনঃতফসিল করা যাবে এবং তা সিজিএস ইউনিটকে অবহিত করতে হবে।

৩.৯.৬. ঋণ/বিনিয়োগ অনাদায়ে বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে নির্দেশনা থাকলেও এ স্কিমের আওতায় গ্যারান্টি রেজিস্ট্রেশনকৃত ঋণ/বিনিয়োগ শ্রেণীকৃত হলে সেক্ষেত্রে গ্যারান্টি রেজিস্ট্রেশনকৃত মোট ঋণ/বিনিয়োগের ৩০ (ত্রিশ) শতাংশ পর্যন্ত স্পেসিফিক প্রভিশন সংরক্ষণের বাধ্যবাধকতা গ্যারান্টির মেয়াদকালের জন্য অব্যাহতি প্রাপ্ত হবে।

৪. **বিবিধঃ**

৪.১. ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের সময় সময় জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪.২. এ নীতিমালায় উল্লেখ নেই এরূপ যে কোন বিষয়ে অথবা নীতিমালায় বর্ণিত কোন বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের আবশ্যকতা দেখা দিলে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪.৩. এ নীতিমালার যে কোন ধরণের পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

৪.৪. ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে যথাযথ পদ্ধতি অনুসরণ করা না হলে বা কোন শর্ত লংঘন করা হলে বা গ্যারান্টি আবেদনের সময়ে কোন তথ্য গোপন করলে বা মিথ্যা তথ্য প্রদান করলে বা গ্যারান্টি ফি পরিশোধ না করলে সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রদত্ত গ্যারান্টি বাতিল করার ক্ষমতা বাংলাদেশ ব্যাংক এতদ্বারা সংরক্ষণ করে।

৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এসএম মোহসীন হোসেন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২২১

পরিশিষ্ট-ক

# ব্যাংকের নাম ও ঠিকানা

------

(গ্যারান্টি আবেদন ফরম)

তারিখঃ . ./. ./. . . .

সূত্র ঃ

মহাব্যবস্থাপক
ক্রেডিট গ্যারান্টি স্কিম ইউনিট
এসএমইএন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট গ্যারান্টি স্কিম (সিজিএস) ইউনিটের সাথে .../../.... তারিখে সম্পাদিত অংশগ্রহণ চুক্তির আওতায় গ্যারান্টি ইস্যুর শর্তে নিম্নবর্ণিত ঋণ/বিনিয়োগ সুবিধাগুলো মঞ্জুর করা হয়েছে। সিজিএস ইউনিট কর্তৃক গ্যারান্টি ইস্যু করা হলে ঋণ/বিনিয়োগসমূহ সংশ্লিষ্ট গ্রাহকের অনুকূলে বিতরণ করা হবে। নিম্নবর্ণিত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে গ্যারান্টি ইস্যু করার জন্য অনুরোধ করা হলোঃ

সেকশন-১ঃ সাধারণ তথ্য

| ক্রঃ নং | ঋণ/বিনিয়োগ গ্রহীতার নাম (গ্রাহক) | গ্রাহকের ঠিকানা ও মোবাইল নম্বর | ব্যাংক শাখার নাম | গ্রাহকের জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর | গ্রাহকের ধরণ (কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, মাইক্রো/ক্ষুদ্র উদ্যোক্তা, স্কুল ব্যাংকিং, অন্যান্য) | গ্রাহকের ব্যবসার ধরণ (উৎপাদন/সেবা/ব্যবসা) | ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করা হয়েছে (হ্যাঁ/না) | ঋণ/বিনিয়োগ চূড়ান্ত পরিশোধের তারিখ | ঋণ/বিনিয়োগের পরিমাণ (টাকায়) | প্রত্যাশিত গ্যারান্টি কভারেজ (শতাংশ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | |
| | | | | | | | | সর্বমোট ঋণ/বিনিয়োগের পরিমাণ | | |
| | | | | | | | | সর্বমোট ঋণ/বিনিয়োগের পরিমাণ (কথায়) | | |

সেকশন-২ঃ প্রত্যায়ন

আমরা নিম্নস্বাক্ষরকারী এ মর্মে প্রত্যায়ন করছি যে, অংশগ্রহণচুক্তির শর্ত পালনপূর্বক উল্লিখিত ঋণ/বিনিয়োগ আবেদনসমূহ যাচাই-বাছাই করা হয়েছে। ব্যাংকের নিজস্ব ঋণ/বিনিয়োগ নীতি অনুযায়ী যথাযথ নিয়মাচার পরিপালনপূর্বক এবং প্রয়োজনীয় দলিলাদি (তালিকা সংযুক্ত) গ্রহণ/পরীক্ষান্তে ঋণ/বিনিয়োগ সুবিধাগুলো মঞ্জুর করা হয়েছে (সকল মঞ্জুরীপত্রের কপি সত্যায়নপূর্বক সংযুক্ত করা হয়েছে)। ../../.... তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-.... এবং তৎপরবর্তী সংশোধনী (যদি থাকে) মোতাবেক আমরা উল্লিখিত ঋণ/বিনিয়োগসমূহের গ্যারান্টি ফি পরিশোধ করবো এবং ০৫/৯/২০২১ তারিখের এফআইডি সার্কুলার নং-০১ এর আওতায় পুনঃঅর্থায়নের সুবিধা গ্রহণ করা হবে।

আমরা এ মর্মে অবহিত যে, ভবিষ্যতে উক্ত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে গ্যারান্টির অর্থ দাবীকালে/ বাংলাদেশ ব্যাংকের পরিদর্শনকালে ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট যথাযথ/প্রয়োজনীয় দলিলাদি সরবরাহ করতে সক্ষম না হলে অথবা গ্যারান্টির শর্তাবলী পালনে ব্যর্থ হলে গ্যারান্টি বাতিল বলে গণ্য হবে।

ফোকাল পয়েন্ট কর্মকর্তা
নাম ও পদবী :
মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা :

স্বাক্ষর :
ব্যবস্থাপনা পরিচালক/স্বাক্ষর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী :
মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা :
সীল :